

Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 02 April, 2025

নেত্রকোণার খালিয়াজুরী উপজেলায় পৃথক দুই স্থানে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সংঘর্ষের ঘটনায় নারীসহ অন্তত ৪০ জন আহত হয়েছেন। গুরুতর আহতদের ময়মনসিংহ মেডিকেল কলেজ (মমেক) হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

বুধবার (২ এপ্রিল) সকাল ৯টার দিকে খালিয়াজুরী উপজেলার গাজীপুর পাড়ায় বস্তা ফেলে রাস্তা বন্ধ করা নিয়ে দু'পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও গাজীপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য হারুন মিয়া জানান, মঙ্গলবার সন্ধ্যায় শফিকুল মিয়া গাজীপুর পাড়ায় বস্তা ফেলে রাস্তা বন্ধ করেন। এ খবর পেয়ে তিনি (হারুন মেঘার) ঘটনাস্থলে গিয়ে বাধা দেন এবং চেয়ারম্যানের দোহাই দিয়ে কাজ বন্ধ করতে বলেন। এ ঘটনার জেরে বুধবার সকালে শরীফ গ্রুপের পক্ষে সালাম মিয়া ও মোস্তাকিমের নেতৃত্বে আলী জাহান পক্ষের খাদেম মিয়ার বাড়িতে হামলা চালানো হয়। একপর্যায়ে উভয় পক্ষ দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে, এতে অন্তত ৩৪ জন আহত হন।

খালিয়াজুরী স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ডা. একে ফজলুল হক জানান, আহতদের মধ্যে বেশির ভাগকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে, তবে কয়েকজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। গুরুতর আহতদের মধ্যে রয়েছেন সালাম মিয়া (৬২), মোস্তাকিম, সোণেরা আক্তার (২৪), পায়াম (৩২) ও শামীম চৌধুরী। তাদের উন্নত চিকিৎসার জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

অপর এক ঘটনায় খালিয়াজুরী সদরের লক্ষ্মীপুর গ্রামে সাউন্ড বক্স বাজানোকে কেন্দ্র করে সংঘর্ষ হয়।

স্থানীয় সূত্রে জানা যায়, মঙ্গলবার রাত ১০টার দিকে জালাল মিয়ার ছেলেরা উচ্চ শব্দে সাউন্ড বক্স বাজাতে থাকলে প্রতিবাদ জানান আক্তার মিয়ার ছেলে আশিক মিয়া। একপর্যায়ে বাকবিতণ্ডার জেরে আশিক মিয়া জালাল মিয়াকে লাথি মারলে তিনি মাটিতে পড়ে যান এবং গুরুতর আহত হন। পরে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

বুধবার সকালে আক্তার মিয়া বাজারে আসলে পূর্বের ঘটনার জেরে আবারও দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। এতে ছয়জন আহত হন। আহতদের মধ্যে রয়েছেন আক্তার মিয়ার ছেলে ইমরান (৩২), আলু মিয়া (১৮), আক্তারের স্ত্রী ইদুমা (৫২), মুকশেদ মিয়ার ছেলে মুন্না (২২), মেহেদি হাসান (২৫) ও জালাল মিয়ার ছেলে রহমতুল্লাহ (১৮)।

এ বিষয়ে খালিয়াজুরী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মকবুল হোসেন বলেন, "এখনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। তবে খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে এবং বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।"

সংঘর্ষ আহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:07

URL: <https://timestodaybd.com/mymensingh/775807238>